দৈনিক
ইত্তেফাক

3 MAY 2017

# শিক্ষার্থীদের জন্য এডুলোন প্রবর্তন করছে ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়

● সেলিম আহমেদ



ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি মেধাবী ও আর্থিক অনগ্রসর শিক্ষার্থীদের জন্য এডুলোন (শিক্ষা ঋণ) প্রবর্তন করেছে। শিক্ষার সুযোগ মানুষের মৌলিক অধিকার। আমাদের দেশে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ে সেই অধিকার স্বীকৃত ও দৃশ্যমান। উচ্চশিক্ষা ক্ষেত্রে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কল্যাণে সুযোগ তৈরি হলেও সে ক্ষেত্রে প্রধান অন্তরায় পড়াশোনার বিপুল খরচ। আমাদের সমাজে আর্থিক অনগ্রসর ও মেধাবী অসচ্ছল ছাত্রদের পক্ষে উচ্চশিক্ষার বিপুল খরচ বহন করা সম্ভব হয়ে উঠে না। ফলশ্রুতিতে অনেক মেধাবী শিক্ষার্থীর উচ্চশিক্ষার স্বপ্ন বাস্তবায়িত হয় না। অর্থাভাবে যাতে কারও পড়াশোনা বন্ধ না হয় সেজন্য বিশ্বের বিভিন্ন দেশে সরকারি ও ব্যাংকিং ব্যবস্থায় এডুকেশন লোন চালু রয়েছে। সেই প্রেক্ষাপটে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি আর্থিক অনগ্রসর ও মেধাবী শিক্ষার্থীর উচ্চশিক্ষা লাভের সুযোগ তৈরির লক্ষ্যে এডুলোন বা শিক্ষা ঋণ প্রবর্তন করেছে। ফলে আর্থিক অসচ্ছল মেধাবীদের উচ্চশিক্ষা অর্জনের পথ উন্মুক্ত হলো। এডুলোন বা শিক্ষা ঋণ প্রতিটি শিক্ষার্থীর শিক্ষার মান যুক্তরাজ্যের কার্ডিফ মেট্রোপলিটন ইউনিভার্সিটি কর্তৃক মডারেশন করা হবে। পরীক্ষামূলকভাবে প্রথমে বিএসসি অনার্স ইন কম্পিউটিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস (সিআইএস) ও বি.কম অনার্স (অ্যাকাউন্টিং/মার্কেটিং/ম্যানেজমেন্ট/ ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং) বিষয়ের শিক্ষার্থীরা এডুলোন বা শিক্ষা ঋণ গ্রহণের সুযোগ পাবে। এডুলোনের সুযোগ গ্রহণ করে আর্থিকভাবে অনগ্রসর ও মেধাবীরা বিকম (অনার্স) ইন ম্যানেজমেন্ট/মার্কেটিং/অ্যাকাউন্টিং/ব্যবস্থাপনা সম্পন্ন করে শিক্ষার্থীরা উন্নত ক্যারিয়ার গঠন করতে পারে। উন্নত বা উন্নয়নশীল বিশ্বে ব্যবসা বাণিজ্যে ক্যারিয়ার গঠন করতে চায় বেশির ভাগ মানুষ। যেকোনো ব্যবসা প্রতিষ্ঠান বা শিল্প প্রতিষ্ঠানের গুরুত্বপুর্ণ পদগুলো দখল করে রাখেন বাণিজ্য শাখার শিক্ষার্থীরা। ব্যবসায় অণুষদের শিক্ষার্থীরা ব্যাংক বীমা, ইন্সুরেন্স, অর্থলগ্নিকারী প্রতিষ্ঠান, মার্কেটিং, টেক্স সেক্টর, সরকারি-বেসরকারি মাল্টিন্যাশনাল প্রতিষ্ঠানে অগ্রাধিকার ভিত্তিতে কর্মসংস্থানের সুযোগ পান। যেসব শিক্ষার্থী আর্থিকভাবে অনগ্রসর এবং এইচএসসি (নিয়মিত) পরীক্ষায় কমপক্ষে সিজিপিএ ৪ পেয়েছে, সেসব শিক্ষার্থী এডুলোনের জন্য আবেদন করতে পারবেন। আবেদিত শিক্ষার্থীদের মধ্যে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে এডুলোনের জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে। ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভর্তি তথ্য কেন্দ্র থেকে সরবরাহকৃত নির্ধারিত ফর্ম অথবা বিশ্বদ্যালয়ের ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে। ভর্তির সময় আবেদন করতে হবে এবং ১ সপ্তাহের মধ্যে এডুলোন প্রাপ্তির সংবাদ জানা যাবে। এডুলোনভোগীরা বৃত্তির জন্যও আবেদন করতে পারবে। এডুলোনে কোনো প্রকার সুদ বা লুকানো চার্জ থাকবে না। বাবা-মা অথবা নিকটাত্মীয় এডুলোনের গ্র্যান্টার হতে পারবে। এডুলোন অব্যাহত রাখতে হলে প্রতি সেমিস্টারের ফলাফল ৪-এর মধ্যে কমপক্ষে ৩ রাখতে হবে। ফলাফল সন্তোষজনক না থাকলে এডুলোন চুক্তি বাতিল হয়ে যাবে। প্রতিটি শিক্ষার্থী ১ম মাস থেকে শুরু করে ৮৪ কিস্তিতে (৭ বছর) টিউশন ফি পরিশোধের সুযোগ পাবে। এডুলোন গ্রহণকারী বিশ্ববিদ্যালয় ত্যাগ করলে বা পড়াশোনা বন্ধ করতে ইচ্ছুক হলে কর্তৃপক্ষ বরাবর আবেদনের মাধ্যমে তা করতে হবে। বিস্তারিত জানতে যোগাযোগ করতে পারেন ০১৭১৩৪৯৩০৫০ এই নম্বরে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর